দৈনিক
ইত্তেফাক

তারিখ 22 MAR 2015
পৃষ্ঠা ৭ কলাম ৭

# সিলেটে সাত দিন ব্যাপী বই মেলা

■ সিলেট অফিস

শুক্রবার কেন্দ্রীয় মুসলিম সাহিত্য সংসদের ৭ দিনব্যাপী বইমেলার উদ্বোধন হয়েছে । সিলেট সিটি কর্পোরেশনের সহযোগিতায় আয়োজিত বইমেলার উদ্বোধন করেন সাহিত্য সংসদের সভাপতি ভাষা সৈনিক প্রফেসর মো. আব্দুল আজিজ।

সংসদের বইমেলা মঞ্চে অনুষ্ঠিত উদ্বোধনী বক্তব্যে প্রফেসর আজিজ বলেন, বই মানুষের সর্বশ্রেষ্ঠ বন্ধু। এই অসুস্থ সমাজকে সুস্থ করার জন্য সকলকে বই পড়তে হবে।

পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে শুরু হওয়া সভায় স্বাগত বক্তব্য রাখেন সাহিত্য সংসদের সাধারণ সম্পাদক আজিজুল হক মানিক। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে স্বরচিত কবিতা পাঠের আসর অনুষ্ঠিত হয়।